

ঢাকা বিশ্ববিদ্যালয়

ছাত্রলীগের কর্মীদের মধ্যে সংঘর্ষে একজন আহত

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক •

ঢাকা বিশ্ববিদ্যালয় ডিবেটিং সোসাইটির উদ্যোগে আয়োজিত জাতীয় বিতর্ক উৎসবে ঢোকাকে কেন্দ্র করে ছাত্রলীগের দুই হলের কর্মীদের মধ্যে সংঘর্ষ হয়েছে। গতকাল সোমবার দুপুর সাড়ে ১২টার দিকে মধুর ক্যান্টিনের সামনে এই সংঘর্ষে ছাত্রলীগের কর্মী মিরাজুল ইসলাম আহত হয়েছেন। বাংলা বিভাগের প্রথম বর্ষের ছাত্র মিরাজুলকে বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, দুপুর ১২টার দিকে ছাত্রলীগের কর্মী এনামুল হক টিএসসির বিতর্ক উৎসবে টুকতে গেলে বঙ্গবন্ধু হলের ছাত্র ও বিতর্ক উৎসবের স্বেচ্ছাসেবক রিয়াদ তাঁর কয়েক রেজিস্ট্রেশন কার্ড দেখতে চান। এনামুল তা দেখতে ব্যর্থ হলে দুজনের মধ্যে বাগবিতণ্ডা শুরু হয়। কিছুক্ষণ পর বঙ্গবন্ধু হলের ছাত্র ও রিয়াদের ছোট ভাই মিরাজুল ইসলাম এসে বিতর্কায় যোগ দেন। একপর্যায়ে তাঁদের মধ্যে ধাক্কাখাঙ্কি হয়।

এরপর বঙ্গবন্ধু হলের ছাত্রলীগের কর্মীরা এনামুলকে ধাক্কা করে মধুর ক্যান্টিনে নিয়ে যান। এ সময় সেখানে প্রবন্ধকারী জমীন্দার হলের কিছু কর্মীর সঙ্গে তাঁদের সংঘর্ষ বাধলে মিরাজুল ইসলাম আহত হন। এ ঘটনার পর দুই হলের ছাত্রলীগের কর্মীরা রড, লাঠি, চাপাতি নিয়ে কয়েক দফা মহড়া দেন। তবে শেষ পর্যন্ত বড় ধরনের কোনো ঘটনা ঘটেনি।

এ ঘটনার পর জমীন্দার হলের সভাপতি আবদুর রহমান ও সাধারণ সম্পাদক কাজী এনায়েত এক বিবৃতিতে বলেন, এনামুল গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ছাত্র। তিনি ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় ও হল শাখার প্রতিনিধির সঙ্গে গুটিত নন। তাঁর অপতৎপরতার দায়ভার ছাত্রলীগ নেবে না।

তবে হুলস্থুলে জানা যায়, হলে একটি সংঘর্ষের ঘটনায় এনামুল ছাত্রলীগ থেকে বহিষ্কৃত হলেও দীর্ঘদিন ধরে তিনি হলেই অবস্থান করছেন এবং হলের প্রতিনিধির সঙ্গে সক্রিয়ভাবে গুটিত আছেন।

সংঘর্ষের ব্যাপারে এনামুল হত প্রথম অগোচর বলেন, বিতর্ক উৎসবে অংশ নিতে যাওয়া থেকে আসা শিক্ষার্থীদের সঙ্গে আমি দেখা করতে গাই। পরিচিত কয়েকজন স্বেচ্ছাসেবকের অনুমতি নিয়ে আমি টিএসসিতে ঢুকি। তা সত্ত্বেও রিয়াদ ইচ্ছাকৃতভাবে আমাকে বাধা দেন।

**দুই হলের
ছাত্রলীগের
কর্মীরা রড,
লাঠি, চাপাতি
নিয়ে মহড়া
দেন।**